



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা

www.caab.gov.bd



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৩২৯

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮

৩১ মার্চ ২০২২

বিষয়: জনাব তানিয়া আক্তার, গ্রন্থাগারিক-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-০৩/২০২২) রুজু করণ।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব তানিয়া আক্তার (পিতা-আবু বকর সিদ্দিক), গ্রন্থাগারিক স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে যুক্তরাজ্য গমনের জন্য ০৪ (চার) মাসের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৪৯৮ তারিখ-০২/০৬/২০২১ মূলে ০২ (দুই) মাস বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে যুক্তরাজ্য গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি;

২.০ যেহেতু, অনুমোদিত ছুটি শেষ হওয়ার পরে ১৮/০৮/২০২১ তারিখের এক পত্র মারফত কর্তৃপক্ষকে অবগত করেন যে, আপনি গর্ভাবস্থা সময় অতিবাহিত করছেন এবং শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়ায় ডাক্তারের পরামর্শমতে আগামী ৬/৭ মাস বেড রেস্টে থাকার কথা উল্লেখ করেন এবং উক্ত সময় অতিবাহিত হলেও কাজে যোগদান করেননি ও যথানিয়মে ছুটির আবেদন করেননি;

৩.০ যেহেতু, আপনি অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর বিগত ০১/০৮/২০২১ তারিখ হতে আজ অবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে; এবং

৪.০ যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৫.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৫০(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি স্ব-শরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

৩১-৩-২০২২

মো: মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

জনাব তানিয়া আক্তার (পিতা-আবু বকর সিদ্দিক),
গ্রন্থাগারিক, আইন শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা,
ঢাকা। আবাসিক ঠিকানা: বাসা নং-এফ-৫/৪, সিএএবি
আ/এ, কাওলা, কুর্মিটোলা, ঢাকা।, স্থায়ী ঠিকানা: ২৫৮
দক্ষিণ সাটির পাড়া, গ্রাম-কুমিল্লা কলোনী, ডাকঘর-
নরসিংদী-১৬০০, থানা ও জেলা-নরসিংদী।

বহিঃ বাংলাদেশ ঠিকানা: TANIA AKTER,
C/O-Mr. Raju Miah, 4 Leonard
Close, Cambridge, CB5 8TR, United
Kingdom.

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৩২৯/১(৮)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ২) পরিচালক (ফ্লাইট স্ট্যান্ডার্ড, রেগুলেশনস এন্ড ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৩) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৪) পরিচালক (সিএনএস), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৬) সহকারী পরিচালক, সংস্থাপন, কল্যাণ ও জিপিএফ শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তার বেতন-ভাতা যথারীতি বন্ধ থাকবে)।
- ৭) উচ্চমান সহকারী, আইন কর্মকর্তা এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন-৩ (সদর দপ্তর) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।



৩১-৩-২০২২

মো: মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা

www.caab.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব তানিয়া আক্তার (পিতা-আবু বকর সিদ্দিক), গ্রন্থাগারিক তার স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে যুক্তরাজ্য গমনের জন্য ০৪ (চার) মাসের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৪৯৮ তারিখ-০২/০৬/২০২১ মূলে ০২ (দুই) মাস বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে যুক্তরাজ্য গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি। অনুমোদিত ছুটি শেষ হওয়ার পরে ১৮/০৮/২০২১ তারিখের এক পত্র মারফত কর্তৃপক্ষকে অবগত করেন যে, তিনি গর্ভাবস্থা সময় অতিবাহিত করছেন এবং শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়ায় ডাক্তারের পরামর্শমতে আগামী ৬/৭ মাস বেড রেস্টে থাকার কথা উল্লেখ করেন। কিন্তু উক্ত সময় অতিবাহিত হলেও তিনি কাজে যোগদান করেননি ও যথানিয়মে ছুটির আবেদন করেননি। অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর বিগত ০১/০৮/২০২১ তারিখ হতে আজ অবধি তিনি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে।

২.০ জনাব তানিয়া আক্তার, গ্রন্থাগারিক-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।